



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ।

ফোন : ৯৫১৪৯১২ E-mail: dgmlcd@krishibank.org.bd



নং-প্রকা/সিএল-১(পলিসি)/২০২০-২১/১১১

তারিখ : ০৭-১০-২০২১

মহাব্যবস্থাপক  
স্থানীয় মুখ্য কার্যালয়  
উপ-মহাব্যবস্থাপক  
সকল কর্পোরেট শাখা  
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক  
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ঋণ শ্রেণীকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ৩০-১২-২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৯ এবং ০৪-১০-২০২১ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৯ এর মাধ্যমে এই মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল যে, বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৯ এর আওতায় পুনঃতফসিল/এককালীন এক্সিট সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগসহ অন্যান্য পুনঃতফসিল/এককালীন এক্সিট সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের ক্ষেত্রেও বিআরপিডি সার্কুলার নং-১৭/২০২০ এর নির্দেশনা প্রযোজ্য হবে। এক্ষেত্রে পুনঃতফসিল/এককালীন এক্সিটের আওতায় ঋণ/বিনিয়োগগ্রহীতা কর্তৃক তার ঋণ/বিনিয়োগের অর্থ পরিশোধের জন্য প্রদত্ত মেয়াদের যে অংশ ০১ জানুয়ারি ২০২০ থেকে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে পড়বে শুধুমাত্র তা deferred (এককালীন এক্সিটের ক্ষেত্রে সর্বোচ্চ ১৮০ দিন) হিসেবে বিবেচিত হবে।


০৩। বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৫/২০২১ এর মাধ্যমে এই মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে যে, কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ প্রলম্বিত হওয়ায় বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৯ এর আওতায় এককালীন এক্সিট সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগ গ্রহীতাগণের ব্যবসায়িক ও অর্থনৈতিক ক্ষতির নেতিবাচক প্রভাবের বিষয়টি বিবেচনায় নিয়ে তাদের ঋণ/বিনিয়োগ পরিশোধ সহজতর করার লক্ষ্যে এই মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৯/২০২০ এর আওতায় এককালীন এক্সিট সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগসমূহের বিপরীতে প্রদেয় অর্থ ডিসেম্বর, ২০২১ মাসের শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে এককালীন এক্সিট সুবিধা বহাল থাকবে।

০৪। বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ০৪-১০-২০২১ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৫ সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। উল্লেখ্য, আলোচ্য সার্কুলার লেটারের সকল নির্দেশনা যথাযথ/কঠোরভাবে পরিপালনের জন্য করণীয় বিষয়ে ঋণ আদায় বিভাগ ও ক্রেডিট বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,

  
০৭/১০/২০২১  
(মুহম্মদ সাজ্জাদ হোসেন)


উপ-মহাব্যবস্থাপক

তারিখ : - এ -

নং-প্রকা/সিএল-১(পলিসি)/২০২০-২১/১১১(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৩। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/অধ্যক্ষ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাকে আলোচ্য পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, ক্রেডিট বিভাগ/ঋণ আদায় বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাকে আলোচ্য সার্কুলার লেটারের নির্দেশনা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। নথি/মহানথি।

  
০৭/১০/২০২১  
(মোহাম্মদ শামসুল আলম)  
উর্ধতন মুখ্য কর্মকর্তা



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
website: www.bb.org.bd



বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪৫

০৪ অক্টোবর ২০২১

তারিখঃ -----

১৯ আশ্বিন ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

ঋণ শ্রেণিকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ৩০ ডিসেম্বর ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সূত্রোক্ত সার্কুলার লেটার এর মাধ্যমে এই মর্মে সিদ্ধান্ত প্রদান করা হয়েছিল যে, বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৯ এর আওতায় পুনঃতফসিল/এককালীন এক্সিট সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগসহ অন্যান্য পুনঃতফসিল/এককালীন এক্সিট সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের ক্ষেত্রেও বিআরপিডি সার্কুলার নং-১৭/২০২০ এর নির্দেশনা প্রযোজ্য হবে। এক্ষেত্রে পুনঃতফসিল/এককালীন এক্সিটের আওতায় ঋণ/বিনিয়োগগ্রহীতা কর্তৃক তার ঋণ/বিনিয়োগের অর্থ পরিশোধের জন্য প্রদত্ত মেয়াদের যে অংশ ০১ জানুয়ারি ২০২০ থেকে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে পড়বে শুধুমাত্র তা deferred (এককালীন এক্সিটের ক্ষেত্রে সর্বোচ্চ ১৮০ দিন) হিসেবে বিবেচিত হবে।

০৩। কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ প্রলম্বিত হওয়ায় বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৯ এর আওতায় এককালীন এক্সিট সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগ গ্রহীতাগণের ব্যবসায়িক ও অর্থনৈতিক ক্ষতির নেতিবাচক প্রভাবের বিষয়টি বিবেচনায় নিয়ে তাদের ঋণ/বিনিয়োগ পরিশোধ সহজতর করার লক্ষ্যে এই মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৯/২০২০ এর আওতায় এককালীন এক্সিট সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগসমূহের বিপরীতে প্রদেয় অর্থ ডিসেম্বর, ২০২১ মাসের শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে এককালীন এক্সিট সুবিধা বহাল থাকবে।

০৪। বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৯/২০২০-এ বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২